গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা
উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়
মনোহরগঞ্জ ।

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা কমান্ড্যান্ট
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
কুমিল্লা ।
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ হতে জুন ৩০, ২০২৪ পর্যন্ত

# সূচিপত্র


মনোহরগঞ্জ উপজেলা কার্যালয়ের কর্মসম্পাদনের সার্বিক চিত্র...........................................................................৩

উপক্রমনিকা (Preamble)...........................................................................................................৪

সেকশন ১ ঃ রুপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী......................................৫

সেকশন ২ ঃ উপজেলা কার্যালয়ের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)...................................৬

সেকশন ৩ ঃ কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষমাত্রাসমূহ.......................................৭-১১

সংযোজনী-১ ঃ শব্দ সংক্ষেপ.......................................................................................................১২

# মনোহরগঞ্জ উপজেলা কার্যালয়ের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ঃ

সাম্প্রতিক বছরসমূহের (৩বছর) প্রধান অর্জনসমূহ । বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী দেশের সর্ববৃহৎ শৃঙ্খলা বাহিনী । অত্র উপজেলা সরকারি-বেসরকারি প্রাতষ্ঠানসমূহের নিরাপত্তা বিধান, নারীর ক্ষমতায়ন, কারিগরী প্রশিক্ষণ, নিরক্ষরতা দূরীকরণ, দূর্যোগ মোকাবেলাসহ আইন শৃঙ্খলা রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছে । জাতীয় সংসদ নির্বাচনসহ সকল প্রকার নির্বাচন, দূর্গাপূজা, সড়ক ও জনপথ, রেলপথ রক্ষা, যানজট নিরসনে ট্রাফিক পুলিশের সাথে দায়িত্ব পালন, শিল্প প্রতিষ্ঠান ও কলকারখানা, মার্কেট ও বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহের নিরাপত্তা ও আইন শৃঙ্খলা রক্ষায় সহায়তা করা হয়েছে ।

সমস্যা ও চ্যালেঞ্জসমূহ । অন্যান্য বাহিনীর ন্যায় আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর একক সুনির্দিষ্ট দায়িত্ব প্রদান । টিওএন্ডই হালনাগাদকরণ, কর্মকর্তা/কর্মচারীর স্বল্পতা, পদ সৃজন, কর্মকর্তাদের পদোন্নতির সুযোগ বৃদ্ধি, কর্মকর্তাদের বৈদেশিক প্রশিক্ষণের ব্যবস্থা না থাকা, নিজস্ব জমির স্বল্পতা, আধুনিক অস্ত্র, পর্যাপ্ত যানবাহন ও টেলিযোগাযোগ সরঞ্জমাদির অভাব অন্যতম প্রধান সমস্যা ।

ভবিষ্যৎ পরিকল্পনা । উল্লেখিত সমস্যাগুলোর সমাধানকল্পে সর্বাত্বক সহায়তা প্রদান ।

২০২৩-২০২৪ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ ।

১/ সমতল এলাকার জনসাধারনের নিরাপত্তা বিধানকল্পে বিভিন্ন অপারেশনাল অভিযানে অংশগ্রহন করা হবে ।

২/ দেশের গুরুত্বপূর্ণ কেপিআই স্থাপনাসমূহের সার্বিক নিরাপত্তা বিধান করার লক্ষ্যে সাধারন আনসার অঙ্গীভূতির কার্যক্রম বর্ধিত করা হবে ।

৩/ দূর্গাপূজা, নির্বাচন ও নির্দেশিত অন্যান্য নিরাপত্তা সেবায় আনসার সদস্য মোতায়েন করা হবে ।

৪/ ভ্রাম্যমান আদালতের শতাধিক কার্যক্রম পরিচালনা করা হবে ।

৫/ সহস্রধিক আনসার-ভিডিপি সদস্য-সদস্যাকে বিভিন্ন মৌলিক, কারিগরি ও পেশাভিত্তিক প্রশিক্ষণ প্রদান করানো হবে ।

৬/ দূর্যোগপূর্ব প্রস্তুতিমূলক কার্যক্রম পরিচালনার জন্য স্বেচ্ছাসেবী টিম গঠন করে প্রশিক্ষণ প্রদান করা হবে ।

৭/ দূর্যোগ পরবর্তী উদ্ধার তৎপরতা ও রিলিফ প্রদানের জন্য সদস্যদেরকে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করানো হবে ।

৮/ পরিস্কার-পরিচ্ছন্নতা কর্মসূচি বাস্তবায়ন ।

৯/ করোনা ভাইরাস কোভিড-১৯) সংক্রমন রোধে সচেতনামূলক কার্যক্রম অব্যাহত রাখা ।

# উপক্রমনিকা (Preamble)

আমি, মোসাঃ সালমা বেগম, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মনোহরগঞ্জ, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর দায়িত্বে নিয়োজিত জেলা কমান্ড্যান্ট, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী কুমিল্লা মহোদয়ের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব ।

আমি, সঞ্জয় চৌধুরী, জেলা কমান্ড্যান্ট, কুমিল্লা, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর দায়িত্বে নিয়োজিত মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধি হিসেবে উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, মনোহরগঞ্জ এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে উপজেলা কার্যলয়কে সর্বাত্বক সহযোগিতা প্রদান করব ।

| | |
|---|---|
| ............................................. | ....................................................... |
| উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা<br>উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়<br>মনোহরগঞ্জ, কুমিল্লা । | তারিখ |

| | |
|---|---|
| ..................................................... | ........................................................... |
| জেলা কমান্ড্যান্ট<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী<br>কুমিল্লা । | তারিখ |

# সেকশন-১

আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী অধিদপ্তরের রুপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

১.১ h রুপকল্প (Vision) ঃ "সুখী, সমৃদ্ধ ও নিরাপদ রাষ্ট্র গঠনে দেশের সর্বত্র শান্তি, শৃংখলা, উন্নয়ন ও নিরাপত্তা বিধান"

## ১.২ অভিলক্ষ্য (Mission) ঃ

১/ জননিরাপত্তা ও দূর্যোগ মোকাবেলা কার্যক্রমে সক্রিয় অংশগ্রহন ;

২/ বাহিনীর স্বেচ্ছাসেবী সদস্য-সদস্যাকে মানব সম্পদে রুপান্তরের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়ন;

৩/ সরকারের নির্দেশে আইন শৃংখলা রক্ষা ও আভিযানিক কার্যক্রমে অন্যান্য বাহিনীর সাথে অংশগ্রহন;

## ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) ঃ

### ১.৩.১ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ ঃ

১. জননিরাপত্তামূলক কাজে সরাসরি অংশগ্রহন;
২. দেশের আর্থ-সামাজিক উন্নয়নে সক্রিয় অংশগ্রহন;
৩. বিভিন্ন কারিগরি প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন;
৪. যে কোন দূর্যোগ ব্যবস্থাপনা ও মোকাবেলায় অংশগ্রহন করা;
৫. বিভিন্ন প্রকার ক্রিড়া প্রশিক্ষণের মাধ্যমে দেশের ক্রিড়াঙ্গণে অবদান রাখা;

### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ ঃ

১. দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন;
২. আধুনিক প্রশিক্ষণের মাধ্যমে সৈনিকদের কর্মদক্ষতা বৃদ্ধি করা;
৩. আধুনিক অস্ত্র ও অন্যান্য আভিযানিক সরঞ্জামাদির ব্যবহারের মাধ্যমে অপারেশনাল কার্যক্রম দ্রুততার সাথে সমাপ্ত করা;

## ১.৪ কার্যাবলী (Function)

১. জানমালের নিরাপত্তা বিধানে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী অঙ্গীকারাবদ্ধ;
২. আর্থ-সামাজিক উন্নয়নে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী নিয়োজিত রয়েছে;
৩. সরকারী-বেসরকারী গুরুত্বপূর্ণ স্থাপনার নিরাপত্তায় নির্ধারিত ভাতায় আনসার বাহিনী অঙ্গীভূত করা হয়;
৪. আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য-সদস্যা হিসাবে প্লাটুনভূক্ত করা হয়;
৫. সদস্য-সদস্যাদের আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর মৌলিক প্রশিক্ষণসহ ভিভিন্ন পেশাভিত্তিক প্রশিক্ষণ গ্রহনের সুযোগ প্রদান;
৬. জাতীয় ও স্থানীয় পর্যায়ের নির্বাচন, দূর্গাপূজাসহ বিভিন্ন রাষ্ট্রীয় গুরুত্তপূর্ণ সময়ে নিরাপত্তায় আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের নিয়োজিত করা;
৭. জাতীয় দূর্যোগ মোকাবেলায আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সদস্যদের মোতায়েন করা হয়;
৮. আইন শৃংখলা রক্ষায় পুলিশ ও অন্যান্য বাহিনীর সাথে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর অংশগ্রহন নিশ্চিত করা;
৯. আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ভিডিপি সদস্য-সদস্যাদেরকে ৩২ জন পুরুষ ও ৩২ জন মহিলা সমন্বয়ে গঠিত ০২টি প্লাটুনকে প্রশিক্ষণ দেওয়া হয়;
১০. আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সদস্য-সদস্যাদেরকে মৌলিক প্রশিক্ষণ ছাড়াও কম্পিউটার বেসিক কোর্স, মোবাইল ফোন সেট মেরামত প্রশিক্ষণ দেওয়া হয় এবং ইলেকট্রিশিয়ার কোর্স, নকশিকাথা সেলাই প্রশিক্ষণ কোর্স, ড্রাইভিং প্রশিক্ষণ কোর্স, ওয়েল্ডিং (২জি টু ৪জি) কোর্স, স্টিল ফিক্সিন কোর্স, থাই এ্যালুমিনিয়াম ফিটিং কোর্স, টাইলস ফিটিং কোর্স, ম্যাশন কোর্স, রড বাইন্ডিং কোর্স, গাড়ি মেরামত কোর্স, মোবাইল ফোন মেরামত কোর্স, ফ্রিজ ও এয়ারকন্ডিশন মেরামত কোর্স ইত্যাদি প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী বাছাই করে প্রেরণ করা হয় ।

# সংযোজনী-১

শব্দসংক্ষেপ

(Acronyms)

| ক্রমিক নম্বর | আদ্যক্ষর | পূর্ণবিবরণ |
|---|---|---|
| ০১ | VDP | Village Defence Party |
| ০২ | SRP | Short Range Patrolling |
| ০৩ | LRP | Long Range Patrolling |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা

উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়

মনোহরগঞ্জ ।

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা কমান্ড্যান্ট

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী

কুমিল্লা ।

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ হতে জুন ৩০, ২০২৪ পর্যন্ত